

অবসর গ্রহণের সময় একজন সরকারী কর্মচারী কি কি সুবিধাদি প্রাপ্য হইবেন

অবসর গ্রহণের সময় একজন সরকারী কর্মচারী কি কি সুবিধাদি প্রাপ্য হইবেন সে বিষয়ে একটি সুস্পষ্ট ধারণা সবারই রাখা উচিত। কোনভাবেই যেন কোন কর্মচারী সুবিধা থেকে বাদ না পড়ে তাই এসম্পর্কে এখানে থেকে জেনে নিতে পারেন।

অবসর গ্রহণের সময় একজন সরকারী কর্মচারী নিম্নোক্ত সুবিধাদি প্রাপ্য হইবেন:

১। **আনুতােষিক** : মােট পেনশন হইতে বাধ্যতামূলকভাবে ৫০% সমর্পণ করিতে হয়। অবশিষ্ট ৫০% সমর্পণ করা সরকারী কর্মচারীর ইচ্ছাধীন। | মােট এসপেনশনের অর্ধেক বাধ্যতামূলকভাবে সমর্পণ করিতে হয়। এই সমর্পণকৃত পেনশনের জন্য একটি নির্দিষ্ট হারে এককালীন প্রাপ্য অর্থইআনুতােষিক।

২। **পেনশন**: বাধ্যতামূলকভাবে গ্রস পেনশনের ৫০% সমর্পণের পর যে অবশিষ্ট | ৫০% থাকে তাহাই পেনশন যাহা মাসিক পেনশন হিসাবে গণ্য।

৩। **চিকিৎসা ভাতা** : একজন সরকারী কর্মচারী চাকুরীতে কর্মরত অন্যান্য সরকারী কর্মচারীদের ন্যায় চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

৪। **মহার্ঘভাতা** : কর্মরত সরকারী কর্মচারীদের জন্য সরকার কর্তৃক মহার্ঘভাতা প্রদান করিলে, সেক্ষেত্রে অবসরপ্রাপ্ত পেনশনধারীগণও তাহাদের ন্যায় মহার্ঘভাতা প্রাপ্য হইবেন।

৫। **উৎসব ভাতা** : বেতন স্কেল, ২০১৫ প্রবর্তিত হইবার পর অবসর প্রাপ্ত সরকারী কর্মচারীগণ তাহার পেনশনের সম পরিমাণ অর্থ দুই উৎসবে উৎসবভাতা প্রাপ্য হইবেন।

৬। **কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল** : কোন সরকারী কর্মচারী অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে বা অবসর গ্রহণের নির্দিষ্ট সময়কালের মধ্যে মৃত্যুবরণ করিতেন তাহার উত্তরাধিকারী কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের সুবিধাদি প্রাপ্য হইবে।

৭। **ভবিষ্যৎ তহবিল** : সরকারী কর্মচারীর ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থ সুদসহ বা সুদবিহীন এককালীন প্রাপ্য হইবেন।

৮। **ছুটি নগদায়ন** : একজন সরকারী কর্মচারীর অবসর গ্রহণের পর ছুটি পাওনা। থাকিলে পাওনা ছুটির পরিবর্তে বিধি মােতাবেক যে নগদ অর্থ প্রাপ্য হইবে তাহাই ছুটি নগদায়ন।

৯। **চিকিৎসা সুবিধাদি** : সরকারী কর্মচারী চিকিৎসা সুবিধা বিধি, ১৯৭৪ মােতাবেক অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী ও তাহার পরিবারের সদস্যগণ সরকারী হাসপাতালে বিনা খরচে চিকিৎসা সুবিধাদি প্রাপ্য হইবেন।

